



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার  
রাজস্ব শাখা  
[www.coxsbazar.gov.bd](http://www.coxsbazar.gov.bd)

স্মারক নং : ০৫.২০.২২০০.১২৮.১৫.০০১(৩য়).২৫-১৩৪২

তারিখ : ২২/০১/১৪৩৩ বঙ্গাব্দ  
১২/০৫/২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় : ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ে অনাপত্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আবেদনকারী/আবেদনকারীগণের আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তফসিলে উল্লিখিত ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

বিক্রেতার নাম ও ঠিকানা	ক্রেতার নাম ও ঠিকানা
১। বশির উদ্দিন, পিতা- আলতাফ মিয়া, সাং- জাগিরাঘোনা, বড় মহেশখালী, ২। মোঃ মাহবুবুর রহমান, পিতা- অতিকুর রহমান, সাং- পশ্চিম পাড়া, গোরকঘাটা, ৩। মোঃ জাহাঙ্গীর আলম, ৪। হারুনুর রশিদ, ৫। আবু হাফেহ, ৬। আবদুল মিতন, ৭। ফরিদা বেগম, পিতা- মোজাফ্ফর আহমদ, সর্বসাং- গোরকঘাটা, পৌরসভা, মহেশখালী, কক্সবাজার। ৮। শামশুন নাহার, পিতা- মোজাফ্ফর আহমদ, সাং- উত্তর গোমাতলী, পোকখালী, কক্সবাজার সদর, কক্সবাজার। ৯। খাইবুল আমিন, ১০। আব্দু শুকুর, ১১। আবদুল করিম, ১২। নূর মোহাম্মদ, পিতা- আলী আহমদ, সর্বসাং- গোরকঘাটা চরপাড়া, মহেশখালী পৌরসভা, উপজেলা- মহেশখালী, জেলা- কক্সবাজার।	মোহাম্মদ কামাল, পিতা- আহদ আলী, সাং- জাগিরাঘোনা, বড় মহেশখালী, উপজেলা- মহেশখালী, জেলা- কক্সবাজার।

শর্তসমূহ :

- এ অনাপত্তিপত্র নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে বিক্রেতার কোন মালিকানা, দখলীয় স্বত্ব বা জমির প্রাপ্যতা নির্ধারণ করে না বা মালিকানা স্বত্ব/দখলীয় স্বত্বের সমর্থনে কোন সাক্ষ্য বা প্রমাণ বহন করে না।
- কোন উপযুক্ত আদালত বা কোন আইনানুগ কর্তৃপক্ষের কোন আদেশ/নিষেধ/ক্রোকাদেশ থাকলে এই অনাপত্তিপত্র কার্যকর হবে না।
- ক্রেতাকে কক্সবাজার জেলার জন্য প্রণীত মাস্টার প্ল্যান এর বিধি নিষেধ/ল্যান্ড জোনিং ক্রয় নির্দেশনা মেনে চলতে হবে।
- ক্রেতা/বিক্রেতা কোন ক্ষেত্রেই জমির শ্রেণি বা প্রকৃতি পরিবর্তন করতে পারবে না।
- তফসিলে বর্ণিত সম্পত্তি শুধুমাত্র মাস্টার প্ল্যান এ নির্দেশিত উদ্দেশ্য ব্যতীত ভিন্ন কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ইমারত নির্মাণ আইন বা কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- বর্ণিত তফসিলের জমিতে জনস্বার্থ বিঘ্নিত হয় এমন কার্যক্রম গ্রহণ করা থেকে অবশ্যই বিরত থাকতে হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত হারে সন সন ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে।
- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এবং প্রতিবেশ সংকটাপন্ন এলাকা সংক্রান্ত সকল বিধি বিধান/সরকারি আদেশ/নির্দেশ মেনে চলতে হবে।
- ভূমির শিল্প/বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে এবং কোন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক জমি ক্রয়ের উর্ধ্বসীমা অতিক্রম করলে জমি ক্রয়/নামজারির ক্ষেত্রে বিধি মোতাবেক পৃথকভাবে জেলা প্রশাসকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- এই অনাপত্তির মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। বর্ণিত সময়ের মধ্যে জমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে এ অনাপত্তি বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় অনাপত্তি নিতে হবে।
- সমুদ্র সীমানার মধ্যে কোন স্থাপনা করা যাবে না।
- তফসিলে বর্ণিত জমি কোন ব্যাংক এর নিকট বন্ধক থাকলে এ অনাপত্তিপত্র কার্যকর হবে না।

তফসিল :

উপজেলা	মৌজা	বিএস/সৃজিত/দিয়ারা খতিয়ান	দাগ নম্বর	জমির পরিমাণ
মহেশখালী	গোরকঘাটা	২৭৭৪, ৪১৪	২৮৩৫, ২৮৩৭, ২৮৪২, ২৮৩৮, ২৮৪১, ২৮৪০	০.১০০০

তাহমিদ উদ্দিন  
রেভিনিউ ডেপুটি কমিশনার  
কক্সবাজার

সাব-রেজিস্ট্রার  
মহেশখালী, কক্সবাজার।

ফোন নম্বর : ০২৩৩৪৪৬২২২৫